প্রকৃতি কন্যা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফেঞ্চুগঞ্জ, সিলেট
E-mail : unofenchuganj@mopa.gov.bd

উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির আগস্ট ২০২১ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব রাখী আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার,
ফেঞ্চুগঞ্জ, সিলেট

সভার স্থান ঃ উপজেলা হল রুম, ফেঞ্চুগঞ্জ, সিলেট

সভার তারিখ ঃ ১৬-০৮-২০২১ খ্রি., সময় ঃ সকাল ১১:০০টা

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের তালিকা ঃ পরিশিষ্ট- "ক"

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে আংশিক সংশোধনক্রমে কার্যবিবরণী দৃঢ়ীকরণ হয়। অতঃপর অফিসার ইনচার্জ ফেঞ্চুগঞ্জ কর্তৃক বিগত মাসের অপরাধ বিষয়ক চিত্র পেশ করায় নিম্নে তা উল্লেখ করা হলো।

**আইন-শৃঙ্খলা ঃ অপরাধ চিত্র**

| মাস | নারী ও শিশু নির্যাতন মামলা | ধর্ষণ মামলা | মাদক মামলা | চুরি | অন্যান্য খাতে মামলা | অস্ত্র মামলা | চোরাচালান মামলা | মোট মামলা |
|---|---|---|---|---|---|---|---|---|
| জুলাই ২০২১ | - | - | ০৫ | - | ০৪ | - | - | ৯ |

১) ফেঞ্চুগঞ্জ প্রেস ক্লাবের প্রতিনিধি জনাব মামুনুর রশীদ, সাংবাদিক, বলেন ফেঞ্চুগঞ্জে অপ্রাপ্ত বয়স্ক চালক দ্বারা সিএনজি এবং অটো রিকশা চালনা করে থাকে। ফলে প্রায় সময় ছোটখাট দুর্ঘটনা ঘটে থাকে। তিনি আরোও বলেন রিকশা ভাড়া এবং সিএনজি ভাড়া নিয়ে প্রতিনিয়ত সাধারণ যাত্রী ও চালকদের মধ্যে ঝগড়া বিবাদ লেগে থাকে। সিএনজি ও রিকশা ভাড়ার নির্ধারণ করার বিষয়ে সভায় অনুরোধ জানান।

০২) অফিসার ইনচার্জ ফেঞ্চুগঞ্জ সভায় জানান যে, সিলেট এর লাইসেন্সধারী অটো রিকশা ফেঞ্চুগঞ্জ বাজারে দেখা যায় এবং বেশ কিছু অপ্রাপ্ত বয়স্ক চালক বেপরোয়াভাবে গাড়ি চালনা করছেন ফলে যে কোন সময় দুর্ঘটনা হতে পারে। ড্রাইভিং লাইসেন্স ব্যতিত চালকদের গাড়ি না দেওয়ার জন্য মালিক সামতি, ব্যাটারি চালিত রিক্সা সমিতি পরিবহণ শ্রমিক সমিতির সভাপতি প্রতি অনুরোধ জানান। তিনি ফেঞ্চুগঞ্জ উপজেলাকে মাদকমুক্ত করার জন্য সর্বাত্মক চেষ্টা করে যাচ্ছেন বলে জানান। এছাড়া তিনি বলেন কিছু অনাকাঙ্খিত ঘটনা ছাড়া বর্তমানে ফেঞ্চুগঞ্জের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।

০৩) চেয়ারম্যান, ২নং মাইজগাঁও, সভায় জানান আগামী ০১ সপ্তাহের মধ্যে অলাইসেন্সকৃত ব্যাটারি চালিত রিকশা এবং অপ্রাপ্ত বয়স্ক চালকের গাড়ি যাতে সড়কে না চলে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে বলে তিনি সভায় জানান।

০৪) উপজেলা নির্বাহী অফিসার ও অদ্যকার সভার সভাপতি বক্তব্যের শুরুতেই সকলকে শুভেচ্ছা জানান। তিনি জানান যে, কটালপুর বাজারে স্থায়ী স্ট্যান্ড না থাকায় গাড়ির চালকগণ রাস্তার উপর গাড়ি রেখে চলে যান ফলে সবসময় যানজট লেগে থাকে। যানজট নিরসনের জন্য স্থায়ী স্ট্যান্ড প্রয়োজন বলে সভায় আলোচনা করেন। আলোচনান্তে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, জানান কটালপুর কুতুব মার্কেটের পাশে খালি জায়গা রয়েছে উক্ত খালি জায়গায় গাড়ির স্ট্যান্ড করলে কটালপুর বাজারের যানজট নিরসন হবে। তিনি ছোট অপরাধগুলো থানায় না গিয়ে গ্রাম আদালতের মাধ্যমে সমাধানের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ জানান। প্রতিনিয়ত বলার পরও ইউনিয়ন আইনশৃঙ্খলা কমিটির সভা না করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে কারন দর্শানোর জন্য সভায় সিদ্ধান্ত হয়। তিনি সকল ইউপি চেয়ারম্যানগণকে গ্রাম আদালত এর কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান। বাল্য বিবাহ ও নারী নির্যাতন যেন না হয় সে বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। ইউনিয়ন পরিষদের সকল ধরনের সভার মিটিং করে কার্যবিবরণী প্রেরণের জন্য সকলকে অনুরোধ করে তিনি তার বক্তব্য শেষ করেন।

চলমান পৃষ্ঠা-০২

বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

| ক্রং নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১ | বাজারে যানজট নিরসনে অফিসার ইনচার্জ, বাজার বণিক সমিতি ও শ্রমিক সমিতির মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ এবং চেয়ারম্যান/ (সকল) ইউ.পি |
| ০২ | প্রতিটি ইউনিয়নে বাল্য বিবাহ,নারী নির্যাতন ও যৌতুক বিরোধী কমপক্ষে ০২ টি সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা নিয়মিত আহ্বান করে সভার কার্যবিবরণী যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। ইউনিয়ন পর্যায়ে ও গ্রাম পর্যায়ে সন্ত্রাস জঙ্গিবাদ বিরোধী সচেতনতামূলক সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। সকল মসজিদ মাদ্রাসায় প্রতি শুক্রবার/জুম্মাবারে জঙ্গী বিরোধী খুতবা প্রদানের ব্যবস্থা গ্রহণ করে সাধারণ জনগণকে সচেতন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান/ (সকল) ইউ.পি এবং ইসলামিক ফাউন্ডেশন,ফেঞ্চুগঞ্জ |
| ০৩ | অবৈধ কারেন্ট জাল প্রতিরোধে উপজেলা মৎস্য অফিসারকে নিয়মিত অভিযান পরিচালনা সহ মোবাইল কোর্ট পরিচালনার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি), |
| ০৪ | ইউনিয়ন পর্যায়ে গ্রাম আদালতের কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং এক বছরের অধিক ও কম সময়ের পেন্ডিং মামলা সমূহের তথ্য নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। ও ইউনিয়ন পরিষদে অনুষ্ঠিত সকল সভার বিষয়ে সভার তারিখ উল্লেখ করে প্রতিবেদন পাঠাতে হবে। | চেয়ারম্যান/ (সকল) ইউ.পি |
| ০৬ | ইউনিয়ন পরিষদে অনুষ্ঠিত সকল সভার বিষয়ে সভার তারিখ উল্লেখ করে প্রতিবেদন পাঠাতে হবে। | চেয়ারম্যান/ (সকল) ইউ.পি |
| ০৭ | এ উপজেলায় ইঞ্জিন চালিত এবং ব্যাটারি চালিত রিক্সা যাতে কোন অপ্রাপ্ত বয়স্ক চালক না চালায় তার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচাজ , চেয়ারম্যান/(সকল) ইউ.পি ও সংশ্লিষ্ট সমিতি |
| ০৮ | প্রতি মাসের ৪র্থ মঙ্গলবার ইউনিয়ন আইনশৃঙ্খলা কমিটির সভা জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান/(সকল) ইউ.পি |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

রাখী আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
ফেঞ্চুগঞ্জ, সিলেট
☏০৮২২৬-৫৬০১২
০১৭৩০৩৩১০৩৪

চলমান পৃষ্ঠা-০৩

স্মারক নং ঃ ০৫.৪৬.৯১৩৫.০০০.০৬.০২৩.২০২১.                                                   তারিখ ঃ ২২-০৮-২০২১ খ্রি.

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য।

১। মাননীয় সংসদ সদস্য ও মুখ্য উপদেষ্টা, ২৩১ সিলেট-৩ আসন
২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার,সিলেট
৪। জেলা প্রশাসক, সিলেট
৫। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট,সিলেট
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট
৭। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট
অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
৮। উপজেলা ---------------------------------------------------------- অফিসার, ফেঞ্চুগঞ্জ, সিলেট
৯। চেয়ারম্যান, ১নং ফেঞ্চুগঞ্জ/২নং মাইজগাঁও/৩নং ঘিলাছড়া/৪নং উত্তর কুশিয়ারা/৫নং উত্তর ফেঞ্চুগঞ্জ ইউ.পি
১০। জনাব/বেগম -------------------------------------- সদস্য, ফেঞ্চুগঞ্জ/মাইজগাঁও/ঘিলাছড়া, ফেঞ্চুগঞ্জ, সিলেট।

উপজেলা নির্বাহী অফিসার
ফেঞ্চুগঞ্জ, সিলেট